# ECHO OF HIS CALL

## আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXIV | YEAR OF OUR LORD JESUS CHRIST, SEPTEMBER 2022 | No. 07


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

হিতোপদেশ ১৫:২৩-৩৩

২৩। সঠিক উত্তর দিয়ে মানুষ আনন্দ পায়, ও সঠিক সময়ে বলা কথা কতই না প্রশংসনীয়।

২৪। বিচক্ষণদের জন্য জীবনের পথ উর্দ্ধগামী যেন তাদের পাতালে যেতে না হয়।

২৫। সদাপ্রভু অহঙ্কারীদের বাড়ি ধূলিসাৎ করে দেন, কিন্তু বিধবাদের সীমানার পাথর তিনি স্বস্থানে অটুট রাখেন।

২৬। সদাপ্রভু দুষ্টদের ভাবনাচিন্তাকে ঘৃণা করেন, কিন্তু তাঁর দৃষ্টিতে অনুগ্রহকারী কথাবার্তা বিশুদ্ধ বলে বিবেচিত হয়।

২৭। লোভী মানুষেরা তাদের পরিবারে সর্বনাশ ডেকে আনে, কিন্তু যে ঘুষ দেওয়া নেওয়া ঘৃণা করে, সে জীবিত থাকে।

২৮। ধার্মিকদের অন্তর এর উত্তর মাপে, কিন্তু দুষ্টদের মুখ দিয়ে অনিষ্ট প্রবাহিত হয়।

২৯। সদাপ্রভু দুষ্টদের থেকে দূরে সরে থাকেন, কিন্তু তিনি ধার্মিকদের প্রার্থনা শোনেন।

৩০। দূতের চোখের আলো হৃদয়ে আনন্দ এনে দেয়,ও শুভ সংবাদ অস্থির পক্ষে স্বাস্থ্যস্বরূপ।

৩১। যে জীবনদানকারী সংশোধনে মনোযোগ দেয় সে জ্ঞানবানদের সঙ্গে বসবাস করবে।

৩২। যারা শাসন অমান্য করে তারা নিজেদেরই ঘৃণা করে, কিন্তু যে সংশোধনে মনোযোগ দেয় সে বুদ্ধিবিবেচনা লাভ করে।

৩৩। প্রজ্ঞার নির্দেশ হল সদাপ্রভুকে ভয় করা, ও সম্মানের আগে আসে নম্রতা।

# ঈশ্বর আপনাকে তুলতে পারেন এবং ওঠাতে পারেন

GOD CAN RAISE YOU AND LIFT YOU!


(পাস্টর এস. স্যাম সেলভারাজ)


**"তিনি ধুলো থেকে দরিদ্রদের তোলেন, আর ছাইয়ের স্তূপ থেকে অভাবীদের ওঠান"** (গীত ১১৩:৭)।

মোশির মৃত্যুর পর, তাঁর জায়গায় তাঁর সহযোগী যিহোশূয় ইস্রায়েলের লোকদের নেতা হয়েছিলেন। "সদাপ্রভুর দাস মোশির মৃত্যুর পরে, সদাপ্রভু মোশির পরিচারক, নূনের ছেলে যিহোশূয়কে বললেন..." (যিহোশূয় ১:১)। "এসব ঘটনার পরে, সদাপ্রভুর দাস, নূনের ছেলে যিহোশূয়, ১১০ বছর বয়েসে মারা গেলেন" (যিহোশূয় ২৪:২৯)। প্রথম পদটিতে বলা হয়েছে যে যিহোশূয় মোশির পরিচারক ছিলেন এবং শেষ পদটিতে বলা হয়েছে যে তিনি সদাপ্রভুর দাস ছিলেন।

"তিনি ধুলো থেকে দরিদ্রদের তোলেন, আর ছাইয়ের স্তূপ থেকে অভাবীদের ওঠান" (গীত ১১৩:৭)। সদাপ্রভু অত্যাচারিত, দরিদ্র, অভাবী এবং অসুস্থ লোকদের জন্য চিন্তা করেন। ঈশ্বর একজন ব্যক্তিকে আরেক জন ব্যক্তির পরিচারক হতে দিয়েছিলেন এবং পরে তিনি সেই ব্যক্তিকে নিজের দাস করেছিলেন। যিহোশূয়ের প্রকৃত নাম ছিল হোশেয়া এবং মোশি তাঁর নাম দিয়েছিলেন যিহোশূয়। যিহোশূয় নামটির অর্থ 'সদাপ্রভু পরিত্রাণ"। যিহোশূয়ের জীবনের দায়িত্ব ছিল সদাপ্রভু তাদের যে দেশ দিয়েছিলেন তা অধিকার করা। ঈশ্বর একটি ৮০ বছরের লোককে উঠিয়েছিলেন এবং তাঁকে তিনি কর্তৃত্ব দিয়েছিলেন এবং স্বর্গের চাবি দিয়েছিলেন! যিহোশূয় একটি ধনী পরিবারে জন্মগ্রহণ করেননি- তিনি মিশরের একটি দাস পরিবারে জন্মগ্রহণ করেছিলেন।

একটি জ্বলন্ত ঝোপের মধ্যে থেকে সদাপ্রভু মোশিকে নাম ধরে ডেকেছিলেন। শৌল যখন দম্মেশকের পথ দিয়ে যাচ্ছিলে, তিনি তখন একটি রব শুনতে পেয়েছিলেন, " শৌল,শৌল..."। কিন্তু যিহোশূয়ের নাম ধরে ডাকা হয়নি,তাঁর কোনও দর্শন অথবা চিহ্নও ছিল না। তাঁকে একজন বৃদ্ধ ব্যক্তি, মোশির পরিচারক করা হয়েছিল, তারপর তাঁকে সদাপ্রভু ঈশ্বরের সম্পর্কে শিক্ষা দেওয়া হয়েছিল। একজন বৃদ্ধের কাছে শোনার মাধ্যমে যিহোশূয় ঈশ্বরের পরাক্রম লাভ করেছিলেন।

আমরা জানি যে প্রত্যেক ব্যক্তির জন্য আহ্বান ভিন্ন। কেউ কারও থেকে ছোট বা বড় নয়। মোশি


(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



(ECHO GROUP)

## *from your dearly beloved brother...*



"ধার্মিক তাল গাছের মতো সমৃদ্ধ হবে, লেবাননের দেবদারু গাছের মতো তারা বৃদ্ধি পাবে।" গীত ৯২:১২

প্রিয় প্রেমাস্পদ ভাই ও বোনেরা,

**"আমাদের পিতা ঈশ্বর এবং প্রভু যীশু খ্রীষ্ট থেকে অনুগ্রহ ও শান্তি তোমাদের উপর বর্ষিত হোক"** (ফিলীমন ১:৩)।


আপনার উত্তম স্বাস্থ্য এবং প্রভুতে সুখী জীবনের বিষয় বিশ্বাস করে, আমরা প্রত্যেক দিন প্রার্থনা করি যাতে প্রভু আপনাকে আশীর্ব্বাদ করেন এবং সুরক্ষিত করেন। আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্ট, যিনি আমাদের প্রার্থনার উত্তর দেন এবং পুরস্কৃত করেন তিনি নিশ্চিতভাবে আপনাকে আশীর্ব্বাদ করবেন। তিনি নিজের পালকে তোমাকে আবৃত করবেন (গীত ৯১:৪)।

যতক্ষণ না আপনার কঠিন সময় কেটে যায় ততক্ষণ তিনি আপনাকে নিজের ডানার নীচে সুরক্ষিত করবেন। সেই কারণে সাহসী হন এবং ভয় করবেন না; যতক্ষণ না বিনাশ অতিক্রান্ত হয় ততক্ষণ আপনি যেহেতু তাঁর ডানার ছায়ার নীচে আশ্রয় নিয়েছেন, সামনে এগিয়ে যান (গীত ৫৭:১)। ঈশ্বরের পরাক্রমী হাত আপনার সহবর্তী আছে।

বিভিন্ন বাধা থাকা সত্ত্বেও, আমরা আহ্বানের প্রতিধ্বনির প্রত্যেকটি বিভাগকে নিয়ম-মাফিক সংগঠিত করছি। ঈশ্বর প্রতিদিন নতুন নতুন আত্মা যুক্ত করছেন। অপর দিকে শত্রুদের সঙ্গে সংগ্রামে, অর্থনৈতিক অভাবে এবং অন্যান্য আরও কিছু সমস্যা আছে যা লিখে প্রকাশ করা যাবে না, সেই সমস্ত কারণে আমরা অতিরিক্ত চাপের মধ্যে আছি। ঈশ্বরের প্রশংসা হোক যে তাঁর অনুগ্রহে আমরা সমস্ত বাধাগুলিকে জয় করতে সক্ষম। আমরাও আপনাদের মতো প্রচণ্ড আবেগপূর্ণ লোক। অনুগ্রহ করে আপনাদের অবিরত প্রার্থনায় আমাদের তুলে ধরুন। আমরা আপনাদের প্রার্থনা এবং সাহায্যের জন্য কৃতজ্ঞ।



রেভাঃকে.আর.রাজাশেকরণ



ডঃ.এ.রীচার্ড শমূয়েল

ঈশ্বর আশ্চর্যভাবে সঠিক সময়ে আচার্য কে.আর.রাজাশেকরণ এবং ডঃ.এ.রীচার্ড শমূয়েল মহাশয়কে আমাদের সঙ্গে যুক্ত করেছেন। ঈশ্বর অতি মঙ্গলময়। ঈশ্বরের প্রশংসা এবং গৌরব হোক! অভিনন্দন! প্রিয় ভ্রাতৃগণ, ঈশ্বর আপনাদের আশীর্ব্বাদ করুন!!

৬ এবং ৭ই আগস্টে আমাদের আহ্বানের প্রতিধ্বনি প্রধান মণ্ডলীতে ৫৪তম বাৎসরিক অধিবেশন এবং নতুন কর্মীদের অভিষেক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছিল। ঈশ্বর চেন্নাইয়ের এক বরিষ্ঠ পালক এবং আমাদের ঘনিষ্ঠ বন্ধু পাস্টর এস.অব্রাহাম মহাশয়কে পরাক্রমের সঙ্গে ব্যবহার করেছিলেন। আমার কন্যা অ্যাঞ্জেলীন তাঁর বাণী তামিল থেকে ইংরাজীতে ভাষান্তরিত করেছিলেন। সিস্টার রীমাগেৎসি অ্যালেকস স্যামসন, ব্রাদার জে.স্যামুয়েল এবং সিস্টার এস. কানথা আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যায় পূর্ণ সময়ের জন্য কর্মী হিসাবে সরকারীভাবে গৃহীত হয়েছেন। আমাদের ভালোবাসার এবং সম্মানীয় ভাই কে.পুরাতচিবেনথান,

### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**CORE LEADERS**
Bro. K. Puratchivendan
Bro. A. Edward Durai
Bro. A. Alvin
Bro. K. Abraham
Sis. Dhanalakshmi Chinnaiah

**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call

কমিটির সদস্য/সদস্যা রূপে অভিষিক্ত হয়েছেন। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে ঈশ্বর ভবিষ্যতে আমাদের পরিচর্যাকে পরবর্তী স্তরে নিয়ে যাবেন। প্রভু আমাদের অবিরত পরিচালিত করুন এবং তাঁর আগমন পর্যন্ত আমাদের পরিচর্যাগুলিকে ধরে রাখুন। আর আপনারা যারা আমাদের দৃঢ় সমর্থক প্রভু আপনাদের প্রত্যেককে প্রচুর রূপে আশীর্বাদ করবেন। আপনারা যারা বিগত ৫৩ বছর যাবৎ আমাদের সঙ্গে যাত্রা করছেন তাদের সকলকে আমরা শুভেচ্ছা এবং আশীর্বাদ জানাতে পেরে অত্যন্ত আনন্দিত। আমাদের একজন খুব ভালো বন্ধু, ব্রাদার কেন তাঁর ই- মেইলের মাধ্যমে ঘোষণা করেছেন,"প্রিয় ভাই স্যাম, ৫৪ বছর — এটি সত্যিই বিহ্বলকারী!" এটি আমাদের হৃদয়কে স্পর্শ করেছিল!! প্রভু যীশু খ্রীষ্টের প্রশংসা হোক!!! শুরু থেকে যারা আমাদের অংশীদার এবং যারা আমাদের সঙ্গে নতুন যুক্ত হয়েছেন তাদেরকেও আমরা সম্মানিত করছি। "ঈশ্বর বিশ্বস্ত, যার দ্বারা আপনি তাঁর পুত্র, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের সঙ্গে সহভাগিতার মধ্যে আহূত হয়েছিলেন" (১ করিন্থীয় ১:৯)।

আমরা কৃতজ্ঞতার সঙ্গে আমাদের কার্যনির্বাহী সদস্যদের, চার্চের সদস্যদের এবং পরিচর্যাকারীদের, পত্রিকার পাঠকদের, সহযোগী সম্পাদকদের,প্রার্থনার অংশীদারদের, বিশ্বাসের অংশীদারদের, আজীবন অংশীদারদের, অনুদান দানকারী অংশীদারদের, মহান আদেশ অংশীদারদের, মিশনারীদের,শাখাপালকদের, রাজ্য সমন্বয়কারীদের, বিদেশী বন্ধুদের,সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের কর্মীদের এই অনুষ্ঠানে সম্মান জানিয়েছি। ১৯৬৯ সাল থেকে প্রভু যেভাবে আমাদের পরিচালনা করে আসছেন সেই বিষয়গুলি আমরা যখন চিন্তা করি তখন প্রভু যীশু খ্রীষ্টে আমাদের আনন্দ উপচিয়ে পড়ে!

ঈশ্বর আপনাদের সকলকে আশীর্বাদ করুন।

*খ্রীষ্ট যীশুতে আপনদের দাস,*

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**
(+91) 98412 71858 / 98410 71858,
E.mail : samselvaraj333@gmail.com

---

*(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)*

তোতলা ছিলেন, তিনি ছিলেন এমন একজন ব্যক্তি যিনি যুদ্ধের কৌশল শিখেছিলেন এবং তিনি ছিলেন বলিষ্ঠ এবং শক্তিশালী। তাঁর মনোযোগ আকর্ষণের জন্য একটি কথাবলা জ্বলন্ত ঝোপের প্রয়োজন হয়েছিল! একটি জঙ্গলের মাঝখানে একটি ঝোপ জ্বলছিল; কিন্তু পুড়ে যাচ্ছিল না। আশেপাশে কেউ ছিল না;তথাপি তাঁকে ডাকার একটি রব শোনা যাচ্ছিল " মোশি, মোশি!" এই ধরণের একটি পরিস্থিতিতে যে কোনও লোক ভীত হতো। ঈশ্বর যদি বলতেন, "অনুগ্রহ করে আমার সন্তানদের মিশরের বন্দীত্ব থেকে বাইরে নিয়ে এসো", নিশ্চিতভাবে তিনি এই প্রস্তাবটি গ্রহণ করতেন না। প্রথমে তাঁর নিজের চোখে ঈশ্বরের এই ভয়ঙ্কর ক্ষমতা দেখার প্রয়োজন ছিল।


কিন্তু যিহোশূয়ের প্রকৃতি ভিন্ন ছিল। তাঁর হৃদয় ঈশ্বরের কথা শোনার জন্য উন্মুক্ত ছিল। সুতরাং ঈশ্বর মোশিকে তাঁর স্থানে সরাসরি তাঁকে অভিষিক্ত করতে বলেছিলেন।

আপনি যখন তাঁর বাক্যের বাধ্য হবেন তখন আপনি তাঁর আশীর্বাদগুলি উপভোগ করবেন। ঈশ্বর সঠিক সময়ে বিষয়গুলি করেন। আমরা সমস্ত কিছু খুব দ্রুত ঘটার বিষয় প্রত্যাশা করি। আমাদের বেগ এবং ঈশ্বরের সময় একসঙ্গে মেলে না। এই কারণে, অনেক লোকের জীবনে দেরীতে ঘটে, যেমন তাদের অধ্যয়ন দেরীতে হয়,রোগ থেকে আরোগ্য দেরীতে হয়, তাদের ব্যক্তিগত জীবনে আশীর্বাদ লাভ করতে বিলম্ব হয় ইত্যাদি। যখন এই বিষয়গুলি ঘটে, এর অর্থ এই নয় যে ঈশ্বর আমাদের ভুলে গিয়েছেন। পরিবর্তে, ঈশ্বর মহান কোনও কিছু করতে চলেছেন। আমাদের তাঁর পরাক্রমী হাতে নিজেদের নম্র করা উচিৎ। তাহলেই ঈশ্বর আপনাকে আশীর্বাদ করবেন এবং আপনি যা কিছু হারিয়েছেন সব কিছু ফিরে পাবেন! আপনার আয়ুও ঈশ্বর কতৃক বৃদ্ধি পাবে।

ঈশ্বর যখন একজন ব্যক্তিকে দাসত্ব, দারিদ্র এবং অভাবের থেকে তোলেন, তখন তিনি তাকে রাজাদের সামনে দাঁড় করান। যিহোশূয় বিজয়কারীতে রূপান্তরিত হয়েছিলেন এবং বহু বছর বিচারক হয়েছিলেন।

## ১। ইতিবাচক বিশ্বাসের কথা

ঈশ্বরকে যদি কোনও অতিপ্রাকৃত কাজ সম্পাদন করতে হয়, তাহলে আমাদের অবশ্যই তাঁর বাক্যের এবং তাঁর প্রতিজ্ঞাগুলির উপর বিশ্বাস করতে হবে। আমরা যদি গণনা পুস্তকের ১৩ এবং ১৪ অধ্যায় পাঠ করি, আমরা দেখতে পাবো যে কনান দেশটি বসবাসের জন্য উপযুক্ত কি না তা দেখার জন্য গুপ্তচরবৃত্তির উদ্দেশে মোশি ইস্রায়েল সন্তানদের প্রধানদের পাঠিয়েছিলেন। তারা যখন ফিরে



এসেছিলেন, তখন তারা রিপোর্ট করেছিলেন যে সেখানকার লোকেরা বলবান এবং ভীমকায় এবং সেখানে প্রবেশ করা অসম্ভব। যিহোশূয়ও কনানে গুপ্তচরবৃত্তির উদ্দেশে গিয়েছিলেন। এই ব্যক্তিও দেখেছিলেন যে সেখানকার লোকেরা ইস্রায়েলীয়দের তুলনায় বলবান এবং দীর্ঘাকায়। কিন্তু তিনি ঐ বিষয়গুলিকে গুরুত্ব দেননি, "... **যে দেশ আমরা সরেজমিনে নিরীক্ষণ করেছি, তা অতিশয় উত্তম। যদি সদাপ্রভু আমাদের উপর প্রীত হন, তিনি সেই দেশে, দুধ ও মধু প্রবাহী দেশে, আমাদের নিয়ে যাবেন ও দান করবেন"** (গণনা ১৪:৭,৮)। তিনি ইতিবাচক রিপোর্ট দিয়েছিলেন।

আমাদের আসল চার্চ বিল্ডিংটা যখন পুরাতন ছিল এবং ভাঙাচোরা অবস্থায় ছিল, তখন তা মেরামত করার জন্য আমাদের টাকা ছিল না। আমাদের অফিসের জন্য সেখানে জায়গা ছিল না এবং সেখানে উপাসনা সভা পরিচালনা করা কঠিন ছিল। আমরা বিশ্বাস করেছিলাম ঈশ্বর আমাদের জন্য সমস্ত কিছু করে দেবেন — বিশ্বাসের জন্য ইতিবাচক বাক্য এসেছিল। " ছয় মাসের মধ্যে, একটি চার্চ নির্মিত হবে, একটি ছাপাখানা চালু হবে —বিল্ডিংটা সুন্দর ভাবে তৈরী হবে"। আমাদের কি কোনও তহবিল ছিল? আমাদের কি কেউ অনুদানের বিষয় প্রতিজ্ঞা করেছিলেন? কেউ কি টাকা দিয়েছিলেন? কেউ দেননি। কিন্তু আমরা তাঁর প্রতিজ্ঞা অনুসারে কাজ শুরু করেছিলাম এবং আমাদের কাজ অব্যাহত ছিল এবং আমাদের

প্রয়োজনগুলি পূরণ হয়েছিল। বিল্ডিংটা সঠিক সময়ে, পরিকল্পনা অনুসারে গড়ে উঠেছিল। আজ আমরা যেমন দেখছি একটি সুন্দর দীর্ঘ বিল্ডিং দাঁড়িয়ে আছে! সদাপ্রভু জোগাবেন। আপনার ঋণ পরিশোধিত হবে, আপনার চোখের জল অদৃশ্য হয়ে যাবে, কঠিন সময় অতিক্রান্ত হবে, সদাপ্রভু এটি দেখবেন।

## ২। সহযোগী যিহোশূয়

যিহোশূয় মোশির বিশ্বস্ত সহযোগী ছিলেন। আপনি যদি ঈশ্বরের আশীর্ব্বাদ পেতে চান, তাহলে আপনার মধ্যে অবশ্যই সেবার মানসিকতা থাকতে হবে। একমাত্র এই ধরণের লোকেরাই উচ্চ পদে উন্নিত হন। আপনি যখন মহান জাতীয় নেতাদের জীবন দেখেন, আপনি মনে করতে পারেন যে তারা খুব সহজেই এই পদগুলি অর্জন করেছিল। কিন্তু আপনি যদি আরও গভীরভাবে তাদের জীবন অধ্যয়ন করেন, আপনি উপলব্ধি করবেন যে তাদের এই পদ অর্জন করার জন্য অনেক ত্যাগ স্বীকার করতে হয়েছিল। তাদের ত্যাগের বিষয়টিকে সম্মানিত করার জন্য ঈশ্বর তাদের তুলেছিলেন। ঈশ্বর যা কিছু বলেন তা তিনি সম্পূর্ণ করবেন। "ইস্রায়েলের ঈশ্বর সেই সদাপ্রভুর গৌরব হোক, যিনি নিজের হাতে তাঁর সেই প্রতিজ্ঞাটি পূরণ করেছেন, যেটি তিনি নিজের মুখে আমার বাবা দাউদের কাছে করলেন..." (২ বংশাবলি ৬:৪)।



"আর কেউ যদি প্রধান হতে চায়, তাকে অবশ্যই তোমাদের ক্রীতদাস হতে হবে" (মথি ২০:২৭)। কেউ যদি প্রথম হতে চায়, তাহলে তাকে একজন দাসের মতো তোমার সেবা করতে হবে এবং তখন ঈশ্বর তাকে আশীর্ব্বাদ করবেন এবং তাকে এক মহান নেতা করবেন।

১৯৬৯ সালে, আমি 'বারুগাই ইন থুথান' পত্রিকার সম্পাদক ব্রাদার এস. দেবাদাননের অধীনে কাজ করছিলাম। আমি যখন কর্তব্যে যোগদান করেছিলাম, তখন আমাকে প্রথম কাজ দেওয়া হয়েছিল অফিস এবং টেবিল, চেয়ার পরিষ্কার করা। কোনও দ্বিধা না করে আমি আমার কাজ আনন্দের সঙ্গে গ্রহণ করেছিলাম। এছাড়াও আমি আমার অফিসের মেঝে ঝাঁটা দিয়েছিলাম। অনেক দিন— অনেক মাস—অনেক বছর অতিক্রান্ত হয়েছিল — আমি আমার কাজ চালিয়ে গিয়েছিলাম। একদিন সম্পাদক তাঁর সমস্ত দায়িত্ব এবং তাঁর অফিসের চাবি আমার হাতে তুলে দিয়ে বলেছিলেন, " তোমার উপর ঈশ্বরের আত্মা আছে, সমস্ত বিষয়ে তুমি অত্যন্ত বুদ্ধিমান।" ঈশ্বর আমাকে উচ্চপদে অধিষ্ঠিত করার বিষয় সম্পাদকের মনে কথা বলেছিলেন। তাঁর অভিষেক এবং ভালোবাসা আমার উপর এসেছিল এবং আমি ঈশ্বরের দাসে পরিণত হয়েছিলাম। আমি সেবা কাজের মানসিকতায় পূর্ণ হয়েছিলাম।

এই দিনগুলিতে, অনেক লোকেরা বড় প্রচারক এবং নেতা হওয়ার জন্য এগিয়ে আসছেন। কিন্তু তারা পরিপক্ক আত্মিক জীবন নির্বাহকারী একজন মহান ঈশ্বরের দাসের অধীনে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী হন না। আত্মিক জীবনের সত্য ধাপগুলি প্রকৃতরূপে জানা ছাড়াই, অনেকে আচার্য, ডকটর, বিশপ, পাস্টর, ঈশ্বরের প্রতিভাবান ব্যক্তি, আন্তর্জাতিক বক্তা ইত্যাদি নামে অভিহিত হতে চান, এই ধরণের লোকেরা কিছু প্রলোভন, সঙ্কট, অথবা ক্লেশ আসলেই তার সঙ্গে বিজড়িত হয়ে যায় এবং তাদের আত্মিকতা হারিয়ে ফেলেন। প্রত্যেকের একজন পবিত্র এবং আত্মিক ঈশ্বরের দাসের অধীনে কাজ করার, তাঁর আদর্শপূর্ণ চরিত্র, স্বভাব এবং ধার্মিক প্রকৃতির বিষয়গুলি শেখার এবং সেই গুণগুলি অনুসরণ করা অবশ্য প্রয়োজনীয়।

প্রভুর পরিচর্যাকারী আমার জীবনে, আমি স্বর্গীয় পাস্টর দেবাদাসনের কাছ থেকে তিনটি উত্তম গুণ শিখেছি।

### (ক) সময়নিষ্ঠা:

'প্রাধান্যের নীতির অধীনে যে কোনও কাজ

(ক্রমশঃ, ৬ পাতায়)


# नहेम्याह बाइबल कॉलेज
## रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

माध्यमः हिन्दी

सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार - ATA

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षों से सेवारत वरिष्ठ पासवान

सर्टिफिकेट इन थियोलॉजी – 1 साल

डिप्लोमा ऑफ थियोलॉजी – 2 साल

योग्यता 10 वी या अधिक

जल्दी करें!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

✶ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ✶

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে সেপ্টেম্বর থেকে ১৮ই অকটোবর, ২০২২)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**



### প্রশংসার বিষয়সমূহ

**সেপ্টেম্বর ১৯** : ১৯৬৯ সাল থেকে আমাদের পত্রিকা পরিচর্যার প্রতি আমাদের দায়বদ্ধতাকে আশীর্বাদ করার জন্য প্রভুর প্রশংসা হোক।

**দিন ২০:** আমাদের আবাসিক এবং সান্ধ্য বাইবেল কলেজে নতুন শিক্ষার্থীদের দেওয়ার জন্য প্রভুর প্রশংসা করি।

**দিন ২১:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস থেকে ১৬টি ভাষায় আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা ছাপাতে এবং বিভিন্ন স্থানে পাঠাতে আমাদের সাহায্য করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২২:** ঈশ্বর আমাদের কর্মীদের পরিবারগুলির উপর আশীর্বাদ বর্ষণ করছেন।

**দিন ২৩:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার, মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন।

**দিন ২৪:** আমাদের ডাক মারফৎ বাইবেল পাঠক্রম এবং ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের বৃদ্ধির জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৫:** আমাদের সহযোগী সম্পাদকদের জন্য এবং তাদের পরিবারগুলির উপর আশীর্বাদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৬:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলী এবং বিশ্বাসীদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৭:** আমাদের প্রকাশনা পরিচর্যাগুলির সহযোগী সম্পাদক, রেভাঃ ডঃ কে.আর. রাজাশেকরণকে দেওয়ার জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২৮:** আমাদের সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের শিক্ষক শিক্ষিকা, প্রিন্সিপাল এবং অন্যান্য কর্মীদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৯:** আমাদের আহ্বানের প্রতিধবনি পরিচর্যা কাজে নিযুক্ত কর্মীদের এবং তাদের পরিবারগুলির সুরক্ষার জন্য প্রভুর প্রশংসা করি।

**দিন ৩০:** গত মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**অকটোবর ০১:** নিয়মিত থিওলজিকাল সেমিনারগুলি পরিচালিত করতে সক্ষম করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ০২:** বহুমুখী পরিচর্যাগুলির মাধ্যমে আমাদের সিনিয়ার পাস্টরকে সুসমাচার প্রচার করতে সক্ষম করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দন ০৩:** আমাদের মণ্ডলী নতুন বিশ্বাসীদের দ্বারা আশীর্বাদযুক্ত হচ্ছে।

### প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** ঈশ্বরের উদ্দেশে সমস্ত দেশের বিশ্বাসীদের মধ্যে সংহতির জন্য প্রার্থনা করুন।

**দিন ৫:** আমাদের সংস্থা, সমস্ত কর্মী এবং তাদের পরিবারগুলির উপর আশীর্বাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৬:** আমাদের সিনিয়ার পাস্টরের তাঁর আত্মজীবনী লেখার বিষয়টিকে তাঁর মহৎ সম্মতি এবং পরিচালনা দানের জন্য প্রার্থনা করুন।

**দিন ৭:** সমস্ত দেশে ঐক্য এবং শান্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ৮:** আমাদের সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে ভর্তির জন্য নতুন শিক্ষার্থীদের দানের বিষয়ে প্রার্থনা করুন।

**দিন ৯:** আমাদের সমস্ত অংশীদার এবং রাজ্য সমন্বয়কারী এবং তাদের পরিবারগুলির জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** আমাদের সুসমাচার ছাপাখানার উপর তাঁর আশীর্বাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১১:** সারা পৃথিবীর লোকদের নিরাপত্তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১২:** এ মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৩:** সমস্ত মদ্যপানে আসক্ত এবং মন্দ কার্যকারীদের প্রভু যেন অনুতাপের মধ্যে নিয়ে আসেন তার জন্য আমরা প্রভুর কাছে অনুরোধ জানাই।

**দিন ১৪:** পৃথিবীর সমস্ত মহিলা এবং শিশুদের নিরাপত্তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** পৃথিবীতে তাঁর রাজ্য স্থাপনের জন্য আমাদের বিভিন্ন দর্শন দিন যাতে আমরা তার উপর ফোকাস করতে পারি।

**দিন১৬:** আহ্বানের প্রতিধ্বনির ইয়ুথ এবং বহির্প্রচার পরিচর্যার উপর তাঁর আশীর্বাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** ভারতের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার প্রসারিত করতে আমাদের সক্ষম করার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** আমাদের সিনিয়ার পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত রকমের মন্দ- শক্তির হাত থেকে রক্ষা করার জন্য এবং তাঁর শারীরিক কুশলতার জন্য প্রার্থনা করুন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

থাকবে তা সঠিক সময়ে করতে হবে। যখনই আমরা আমাদের কর্ত্তব্যগুলি সম্পাদন করতে যেতাম, আমরা সর্বদা বৃষ্টি অথবা ঝড়ের মতো প্রাকৃতিক বাধগুলির বিষয় এবং ট্রাফিক ব্লকের বিষয়গুলি মাথায় রাখতাম, সুতরাং আমরা কিছু সময় পৃথক করে রাখতাম (সতর্কতামূলক সময়) এবং আগে শুরু করতাম। কর্মক্ষেত্রে অথবা চার্চে আমরা কখনও দেরী করতাম না। আমরা যদি দেরী করতাম তাহলে নিশ্চিতভাবে আমরা সেই কাজে ব্যর্থতার সম্মুখীন হতাম।

## (খ) দায়িত্ব:

এমনকী খুব সহজ কাজও দায়িত্বের চেতনার সঙ্গে করা হতো। 'যে কোনও কাজ নিখুঁতভাবে করা উচিৎ'। একটি তামিল উক্তি অনুসারে, যারা একটি দায়িত্বপূর্ণ পদে অধিষ্ঠিত আছেন তাদের অবশ্যই তাদের উপর নির্ভরশীল লোকদের প্রয়োজনগুলির কথা মনে রাখতে হবে। এটি হচ্ছে অনুশাসনবাক্য;

১) আমরা যাই করি না কেন, আমাদের অবশ্যই যথাসাধ্য জ্ঞান এবং বুদ্ধি ব্যবহার করতে হবে।

২) আমাদের অবশ্যই আমাদের সামর্থ এবং জ্ঞান এবং ঈশ্বরের ভয় ব্যবহার করে আস্থার সঙ্গে সমস্ত কিছু করতে হবে।

উদাহরণস্বরূপ, কয়েক জনের তারা নিজেরা যে কাজ করেছে তা পরীক্ষা করে দেখার অভ্যাস নেই। তারা তাদের কাজ নিয়ে কম মাথা ঘামায়। এই ধরণের লোকেরা চিন্তা করেন, "আমাদের উপরে যারা আছেন তাদের কি আমার ভুল ধরার দক্ষতা আছে, আমি পরে ঠিক করে নিতে পারি।" এটি একটি বিপজ্জনক প্রবণতা। সমস্ত কিছু সঠিক ভাবে করার মতো সংবেদনশীলতা আমাদের থাকতে হবে। যদি কোনও কিছু ভুল হয় তার জন্য আমাদের অবশ্যই লজ্জিত হওয়ার বিষয়টি অনুভব করতে হবে এবং এই ভুল যেন আর কখনও না হয় সেই বিষয়টি নিশ্চিত করতে হবে।

## (গ) নিবিষ্টতা:

প্রত্যেকটি কর্ত্তব্য ব্যক্তিগত স্পর্শসহ সম্পাদন করতে হবে। আপনি যদি মনে করেন," এটি আমার কাজ নয়; এটি আমার ব্যক্তিগত সম্পত্তি নয়; আমি এই উদ্যোগের লাভ বা ক্ষতির সঙ্গে কোনও ভাবেই যুক্ত নেই," তাহলে আপনি নিশ্চিতভাবে ব্যর্থ হবেন।

আপনি একটি সংস্থার ঝাড়ুদার হতে পারেন অথবা উচ্চ পদে অধিষ্ঠিত থাকতে পারেন। কেবল কর্ত্তব্যের জন্য কাজ সম্পাদন করার পরিবর্তে, আপনাকে আপনার কাজের প্রতি আগ্রহ দেখাতে হবে এবং আপনাকে কাজটির মধ্যে আপনার হৃদয় এবং প্রাণ দিয়ে প্রকৃত ভাবে নিবিষ্ট হয়ে কাজটি করতে হবে। তাহলে আপনি আপনার জীবনে ওপরে উঠতে পারবেন।

প্রাচীনদের কাছ থেকে শিক্ষা গ্রহণ করার জন্য সর্বদা প্রস্তুত থাকার বিষয়টি উত্তম।

## ৩। যিহোশূয় কর্তৃত্ব দ্বারা আবদ্ধ ছিলেন:

অমালেকীয়েরা এসেছিল এবং রফীদীমে ইস্রায়েলের সঙ্গে যুদ্ধ করেছিল (যাত্রা ১৭:৮)। মোশি যিহোশূয়কে কয়েক জন লোক নিয়ে অমালেকীয়দের সঙ্গে যুদ্ধ করতে বলেছিলেন। যিহোশূয় সঙ্গে সঙ্গে যুদ্ধক্ষেত্রে প্রবেশ করেছিলেন এবং মোশির আদেশ পালন করেছিলেন। অনেক লোক আছেন যারা তাদের উর্দ্ধতন ব্যক্তিদের অথবা স্বয়ং ঈশ্বরের বাধ্য হন না! যারা তাদের উর্দ্ধতন লোকদের এবং ঈশ্বরের বাধ্য হন, কেবল তারাই উত্তম নেতা হতে পারেন এবং কর্তৃত্বের অনুশীলন করতে পারেন। যিহোশূয় কর্তৃত্বকে সম্মান করেছিলেন। মোশি যখন তাঁকে যুদ্ধে যেতে বলেছিলেন, তিনি তৎক্ষণাৎ যুদ্ধক্ষেত্রে গিয়েছিলেন। তিনি বলেননি যে যোদ্ধা হওয়ার প্রশিক্ষণ তাঁর ছিল না এবং তাঁকে যে কাজ দেওয়া হয়েছিলেন তার থেকে তিনি মুক্তি পাওয়ার চেষ্টা করেননি। তিনি সঙ্গে সঙ্গে আদেশ পালন করেছিলেন।

## ৪। যিহোশূয় সমাগম তাম্বুতে সেবাকাজ করেছিলেন:

যিহোশূয় একজন উত্তম নেতা ছিলেন। তাঁকে সদাপ্রভু ভালোবাসতেন। যিহোশূয় সমাগম তাম্বু ভালোবাসতেন (ঈশ্বরের মন্দির) "...কিন্তু নূনের ছেলে, যিহোশূয়—তাঁর তরুণ সহায়ক, সেই তাঁবু ত্যাগ করতেন না" (যাত্রা ৩৩:১১)। ঈশ্বর তাদের উচ্চীকৃত করেন যারা মণ্ডলীকে এবং মণ্ডলীর বিভিন্ন পরিচর্যাগুলিকে ভালোবাসেন। নেতাদের

(ক্রমশঃ, ৯ পাতায়)


# নহিমিয় বাইবেল কলেজ
## সান্ধ্যকালীন

চীপক এবং সন্তোষপুরম

ECHO OF HIS CALL 1969-2019 (ECHO GROUP)

মাধ্যম: তামিল

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL ★ Estd. 1969

*Registered Candidate for Membership*
Asia Theological Association (ATA)
৫৩ বছর যাবৎ আন্তর্জার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

**ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর**
**ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর**

**শিক্ষগত যোগ্যতা:** দশম শ্রেণী এবং তদুর্দ্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

যোগাযোগ: চেয়ারম্যান, নহিমিয় বাইবেল কলেজ
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## অনুগ্রহ করে আমাদের প্রধান কার্যালয়ের পরিচর্যা কাজের জন্য প্রার্থনা করুন

১। প্রার্থনা সভা : ২৪ ঘণ্টা
২। আহ্বানের প্রতিধ্বনি - মাসিক পত্রিকা: (১৬টি ভাষায় প্রকাশিত)
৩। বাইবেলকোর - ডাকযোগে বাইবেল শিক্ষার পাঠক্রম: ইংরাজী, তামিল এবং হিন্দি
৪। নহিমিয় বাইবেল কলেজ (দুটি কেন্দ্র)
৫। ডাকযোগে ঐশ্বতাত্ত্বিক পাঠক্রম (ইংরাজী এবং তামিল মাধ্যম)
৬। মহান আদেশ অংশীদারগণ (পালকদের নেট ওয়ার্ক)
৭। প্রশিক্ষণ কর্মসূচীসমূহ
৮। ক্রুশেডসমূহ
৯। সুসমাচার সাহিত্য বণ্টন এবং ফলো আপ্
১০। গস্‌পেল প্রিন্টিং প্রেস - প্রকাশনাসমূহ
১১। সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল - গ্রাম্য উচ্চ বিদ্যালয় (ইংরাজী মাধ্যম)
১২। রবিবাসরীয় স্কুল : রবিবার সকাল ৮.০০ এবং ১০টা (প্রতি রবিবার)
১৩। তামিল উপাসনাসমূহ : রবিবার সকাল ৫টা, ৭টা এবং ১০টা
১৪। তেলুগু উপাসনা : রবিবার বিকাল ৫টা
১৫। হিন্দি উপাসনা : রবিবার বিকাল ৪টা
১৬। ইংরাজী এবং তামিল উপাসনা : রবিবার সন্ধ্যা ৬টা
১৭। পালকদের পরামর্শদান : রবিবার বিকাল ৪টে
১৮। মহিলাদের প্রার্থনাসভা : বুধবার বিকাল ৫.৩০ মিনিট
১৯। মধ্য-সাপ্তাহিক আরাধনা সভা : বুধবার বিকাল ৬.৩০ মিনিট
২০। পুরুষদের প্রার্থনা : শুক্রবার সন্ধ্যা ৭ মিনিট
২১। শিষ্যত্বের সভা : শনিবার সন্ধ্যা ৬টা
২২। গৃহ সভাগুলি : মঙ্গল এবং বৃহস্পতি, সন্ধ্যা ৬.৩০ মিনি
২৩। বিশেষ পবিত্র প্রভুর ভোজ : প্রতি মাসের ১ম দিন সকাল ৬টা
২৪। পরিচর্যাকারীদের পর্যালোচনা সভা : ১ম শনিবার বিকাল ৫.৩০ মিনিট
২৫। পিতা ও মাতাদের প্রার্থনা : প্রথম রবিবার, বিকাল ৪টে
২৬। নৈশ প্রার্থনা : দ্বিতীয় শুক্রবার রাত ৯.৩০ মিনিট
২৭। উপবাস প্রার্থনা : তৃতীয় শনিবার সকাল ৯.৩০ মিনিট
২৮। পবিত্র প্রভুর ভোজ : দ্বিতীয় রবিবারের উপাসনাসভা
২৯। সকালের অনুধ্যান : প্রতিদিন ভোর ৫টা
৩০। কর্মীদের অনুধ্যান : প্রতিদিন সকাল ৯ টা
৩১। অফিস : প্রতিদিন সকাল ৯ টা থেকে রাত ৯টা (রবিবার ছাড়া)

## কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

### ১। বাইবেলকোর

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

### ২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

## বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
### লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| Account Name | : | ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST |
| Account Number | : | 1023 2923 805 |
| Bank Name | : | STATE BANK OF INDIA |
| Branch | : | TRIPLICANE, CHENNAI - 600 005 |
| IFSC Code | : | SBIN 0000249 |
| SWIFT Code | : | SBI NIN BB 455 |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

**(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)**

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)


## আমার যৌবনের অপর দিক The other side of my youth!

যুবক অবস্থা থেকেই ঈশ্বরের সঙ্গে এবং তাঁর রাজ্যের বিষয়গুলি সম্পর্কে আমার হৃদয়ের খুব ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। ঈশ্বরে ভয় আমার জীবনের শ্বাসপ্রশ্বাস ছিল এবং প্রভুর প্রতি পবিত্রতা আমার জীবনের চাকার কেন্দ্র ছিল। আমার হৃদয়ে তাঁর উদ্দেশ্যকে এবং আমার জন্য তাঁর চিন্তার বিষয়টিকে হারাতে না দিয়ে, ঈশ্বর আমাকে পথ দেখিয়েছিলেন। ঈশ্বরের বিষয়গুলিতে আমার মন খুব সচেতন ছিল এবং জাগতিক বিষয়গুলিতে আমি খুবই নির্বোধ ছিলাম। আমার প্রার্থনার জীবন খুবই ঐকান্তিক আগ্রহযুক্ত ছিল। এই সমস্ত কিছুর উর্দ্ধে,আমি আমার জীবনের প্রত্যেকটি মিনিটকে এক মহান আশীর্ব্বাদের এবং সম্মানের বিষয় বলে বিবেচনা করতাম।

ঈশ্বরের জন্য অত্যন্ত সুদৃঢ় কিছু সম্পাদন করার বিষয় আমার অভ্যন্তরীণ প্রবল আগ্রহের বিষয়টি আমি স্পষ্টভাবে বুঝতে পেরেছিলাম যা আমার মধ্যে এক নতুন সৃষ্টি গড়ে তোলার দ্বারা আমার নিজস্ব উচ্চাকাঙ্খাগুলিকে ধ্বংস করে দিয়েছিল। আমার ফোকাস এবং আত্মা-নিয়ন্ত্রিত পথপ্রদর্শক ছিলেন, যা জগৎ বুঝতে পারতো না।

খ্রীষ্টের সুসমাচার বহন করে নিয়ে যাওয়ার বাসনা সব সময় আমার মধ্যে প্রজ্বলিত ছিল। সুতরাং নেল্লারাইকোনাম গ্রাসের সিএসআই চার্চের আমার সঙ্গে একই মানসিকতার আমার বন্ধু, ব্রাদার এস.অব্রাহাম, জে। অ্যালবার্ট দেবাদাস, পি.সামরাজ, উয়াই.থঙ্গমানি, এস. পাউলাস, জে.জর্জ রোবিনসন, এস. বেনসন যেশুদাস, সিস্টার ডি. বেবী সুশীলা, এবং জে. কানাগাম্মাল আমার সঙ্গে যোগদান করেছিল।

১৯৬৯ সালের ১০ই আগস্ট, ঈশ্বরের অনুগ্রহে, 'গুড নিউজ প্রেয়ার ব্যাণ্ড' জন্মগ্রহণ করেছিল। আমরা বিভিন্ন চার্চগুলিতে প্রার্থনা সভা এবং সুসমাচার সভাগুলির আয়োজন করতাম। আমাদের এই উদ্যোগের ফলস্বরূপ, অসংখ্য লোক পরিত্রাণ লাভ করেছিলেন এবং অনেকে আমাদের পরিচর্যার সঙ্গে যুক্ত হয়েছিলেন। এই সময়, ব্রাদার জি. জেয়ানন্দ পলমোনি, এ.সেলভারাজ, ওয়েসলী দেবাদাসন, জন রোশ কমলাম, এবং জে. জেয়াচন্দ্রন পরিচর্যা কাজে আমার সঙ্গে যুক্ত হওয়ার জন্য এগিয়ে এসেছিলেন। আমি হারমোনিয়াম বাজাতাম, ওয়েসলী দেবাদাসন গীটার বাজাতেন, ডেভিড রেজিনাল্ড এবং জন রোশ কমলম বেহালা বাজাতেন এবং পি. সমরাজ বঙ্গো বাজাতেন। আমাদের বাদ্যযন্ত্রসহ সুসমাচার দলটি লোকদের আমাদের সভাগুলিতে টেনে আনতো। সুন্দর গানের সঙ্গে আমরা লোকদের কাছে বিনামূল্যে সুসমাচার প্রচার করতাম।



ব্রাদার ওয়েসলী দেবাদাসন
হেরাল্ড অফ হিজ্ কামিং



*Rev. John Rosh Kamalam (Presbyter, Church of South India)*



রেভাঃ জে. জেয়াচন্দ্রন
(প্রেসবাইটার, অ্যাসেম্বলী অফ গড)



ব্রাদার ডেভিড রেজিনাল্যাণ্ড
(গৃহী পালক)

আমাদের গ্রামের চার্চ ছাড়াও, আমরা থুকালে, নেউর, উদয়ারভিল্লাই, কোলাচাল, কারুঙ্গাল, কুঝিথুরাই, মার্থারদাম, কড়মালাইকুন্দরু, নাগেরকায়েল, মুবাটরুমুগাম, পাল্লিয়ারী, পেচি পারাই, কোধায়ার, কন্যাকুমারী,মুত্তাম এবং অন্যান্য জায়গায় সুসমাচার সভাগুলির আয়োজন করেছিলাম।



অনেক যুবক যুবতী, প্রাচীন, এবং শিশুরা তাদের জীবন খ্রীষ্টের কাছে দিয়েছিলেন। বিশেষ করে

যুবক যুবতীরা তাদের পাপপূর্ণ পথের জন্য ঈশ্বরের কাছে অনুতাপ করেছিলেন এবং ধার্মিক জীবন যাপন করার বিষয় প্রতিশ্রুতিবদ্ধ হয়েছিলেন। অনেক অসুস্থ ব্যক্তি সুস্থ হয়েছিলেন এবং মন্দআত্মাবিষ্ট লোকেরা মুক্ত হয়েছিলেন। এটি আমাকে নতুন উদ্দিপনা দিয়েছিল;আমি খালি পায়ে ১৫ থেকে ২০ মাইল পথ হেঁটে ট্র্যাক বিলি করতে শুরু করেছিলাম। অন্যরা আমাকে পাগল মনে করতো। কিন্তু ঈশ্বরীয় সন্তান হিসাবে আমার বাবা মা আমাকে বুঝতেন।

আমার পরিচর্যা কাজের শুরুতে আমার কোনও অনুকুল পরিস্থিতি ছিল না এবং ঈশ্বরের কাজের জন্য অন্যদের থেকে কোনও উৎসাহ ছিল না, আমি পরিচর্যা কাজে সক্রিয় থাকার বিষয় অত্যন্ত ঐকান্তিক ছিলাম। এই ধরণের পরিস্থিতির মধ্যে, ঈশ্বর আমাকে ছাপানো পৃষ্ঠার মাধ্যমে আমার পরিচর্যার পরবর্তী স্তরে পরিচালিত করেছিলেন।


***

*(ক্রমশঃ, ৬ পাতার পর)*

লোকদের চার্চে যোগদান করতে বলার বিষয়ে কঠোর হওয়া উচিৎ। ঈশ্বর চার্চের জনসমাগম ভালোবাসেন। একটি মণ্ডলী বেছে নিন এবং এর সমস্ত কার্যকলাপে যোগদান করুন। তাহলেই আপনি কোনও কিছু না চেয়েই আশীর্ব্বাদ লাভ করবেন। বর্তমান পৃথিবীতে, লোকদের চার্চের মধ্যে সমাবিষ্ট হওয়ার এবং আরাধনা করার ইচ্ছা নেই। কয়েক সময় এমনকি বিখ্যাত ঈশ্বরের দাসেরাও লোকদের চার্চে যাওয়ার বিষয় উৎসাহিত করেন না। আমরা সচেতন আছি যে প্রভু আমাদের চার্চের মধ্যে একত্রিত হওয়ার এবং তাঁর আরাধনা করার বিষয় আদেশ দিয়েছিলেন। কিন্তু বিখ্যাত সুসমাচার প্রচারকগণ রবিবার টিভি চ্যানেলগুলিতে তাদের নিজেদের জন্য এবং তাদের পরিচর্যাগুলিতে আরও অধিক সমর্থকদের পাওয়ার জন্য তাদের অনুষ্ঠানগুলি সম্প্রচারিত করেন। এই সমস্ত সুসমাচার প্রচারকগণ যারা চার্চ এবং লোকদের মধ্যে সেতু, তারা লোকদের বিপথগামী করছেন এবং লোকদের মধ্যে বিভেদ তৈরী করছেন! অবশ্যই, এই অনুষ্ঠানগুলি বৃদ্ধ বৃদ্ধা এবং অসুস্থদের মতো লোকদের জন্য, যারা চার্চে যেতে পারেন না, তাদের জন্য সহায়ক।তারা ঘরে থাকতে পারেন এবং টিভিতে প্রচার দেখতে এবং শুনতে পারেন, যখন অন্যদের অবশ্যই চার্চে যাওয়া উচিৎ।

## ৫। সিদ্ধান্ত গ্রহণের বিষয় যিহোশূয় দৃঢ় ছিলেন।

জরুরী সময়গুলিতে, যিহোশূয় চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতেন। যারা উত্তম সিদ্ধান্ত গ্রহণ করে তাদের ঈশ্বর উচ্চীকৃত করে। আমাদেরকে অবশ্যই সিদ্ধান্ত গ্রহণের বিষয় বিচারবুদ্ধি সম্পন্ন হতে হবে এবং সিদ্ধান্তে অবিচল থাকতে হবে। ঈশ্বর এই ধরণের লোকদের উচ্চীকৃত করেন। যিহোশূয় ইস্রায়েলীয় সমাজকে কেবল সদাপ্রভুর আরাধনা করতে বলেছিলেন এবং তিনি নিজেকে একটি উদাহরণ হিসাবে স্থাপন করেছিলেন;"**...কিন্তু আমি ও আমার পরিজন, আমরা সকলে সদাপ্রভুর সেবা করব**" (যিহোশূয় ২৪:১৫)। যারা মানসিকভাবে শক্তিশালী এবং সাহসের সঙ্গে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে, এবং তাঁর পাশে দাঁড়ায়, ঈশ্বরে সেই ধরণের লোকদের খুঁজছেন।



অধিকন্তু, যারা ঈশ্বরের প্রত্যাদেশ লাভ করেন তারা লজ্জিত না হয়ে অথবা এর প্রতিক্রিয়া কি হবে তা চিন্তা না করে অন্যদের চ্যালেঞ্জ জানান এবং কীভাবে প্রভুর সেবা করতে হবে তা লোকদের দেখান। এই দিনগুলির পরিচর্যাগুলির মধ্যে দর্শন থাকে না, বিশ্বাস থাকে না এবং নিরাময় শিক্ষা সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকে না। এই কারণে পরিত্রাণহীন বিশ্বাসীদের সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে।

আমাদের কেবল ঈশ্বরের উপর নির্ভর করে জীবন যাপন করা উচিৎ। আমাদের বিশ্বাসে স্পষ্ট সত্য হওয়া উচিৎ। যখন অসংখ্য লোকেরা আমাদের পরিচর্যা কাজে অংশ গ্রহণ করতে আসে তখন আমাদের আর্থিক লাভের বিষয় চিন্তা করা উচিৎ নয়, পরিবর্তে আমাদের উচিৎ তাদেরকে তাদের সমস্ত পাপের জন্য অনুতাপ করতে সাহায্য করা এবং খ্রীষ্ট কর্তৃক যেভাবে আমাদের শিক্ষা দেওয়া হয়েছে সেই ভাবে আমাদের পবিত্র জীবন যাপন করা উচিৎ, কারণ জগৎ প্রতিদিন খারাপ থেকে আরও খারাপের দিকে এগিয়ে চলেছে। এই ভয়ঙ্কর মন্দের হাত থেকে লোকদের মুক্ত করার জন্য , যিহোশূয়ের মতো দৃঢ় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। আপনার জীবন সম্পূর্ণরূপে রূপান্তরিত হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করবেন।

************

## গীতসংহিতা ১০৫: ১-৫

১। হে আমার প্রাণ, সদাপ্রভুর প্রশংসা করো; হে আমার অন্তরস্থ সকল, তাঁর পবিত্র নামের প্রশংসা করো।

২। হে আমার প্রাণ, সদাপ্রভুর প্রশংসা করো, এবং তাঁর সকল উপকার ভুলে যেয়ো না—

৩। যিনি তোমার সমস্ত পাপ ক্ষমা করেন আর তোমার সকল রোগ ভালো করেন,

৪। যিনি তোমার জীবন মৃত্যু থেকে মুক্ত করেন আর তোমাকে প্রেম ও করুণার মুকুটে ভূষিত করেন,

৫। তিনি উত্তম দ্রব্যে তোমার মনোবাসনা পূর্ণ করেন, যেন ঈগল পাখির ন্যায় তোমার যৌবন নতুন হয়।

## জরুরী সংবাদ

### আপনার সেলফোন বার্তাসমূহ

আমরা আমাদের বন্ধুদের থেকে প্রতিদিন প্রচুর সংখ্যক ছবি এবং বাইবেলের পদগুলি আমাদের সেল ফোনের মাধ্যমে লাভ করি। সত্য ঘটনা হচ্ছে আমরা প্রতিদিন সেগুলি পাঠ করতে সক্ষম হই না। সেগুলি আমাদের ফোন থেকে ডিলিট করা ছাড়া আমাদের আর উপায় থাকে না। সেই কারণে আমরা ভালোবাসার সঙ্গে এবং অতি বিনয়ের সঙ্গে আপনাদের অনুরোধ করছি বাইবেল পদগুলি, সাধারণ বার্তাগুলি এবং ছবিগুলি আমাদের সেলফোনে পাঠাবেন না। কিন্তু আপনাদের প্রার্থনার অনুরোধগুলি এবং বিশেষ বার্তাগুলি সব সময় আমরা গ্রহণ করবো। আপনাদের উপলব্ধির জন্য আমরা আপনাদের ধন্যবাদ জানাই।

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ।**

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23


## WANTED
## OFFICE STAFF

**Echo of His Call** requires experienced and dedicated typists and computer operators.

Contact : **ECHO OF HIS CALL**
Cell : 98412 71858
E.mail : sam@echoofhiscall.org


## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য : ১০০ টাকা** **আজীবন গ্রাহক মূল্য : ২,০০০ টাকা**

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :


## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com


**YOU CAN SEND YOUR DONATION ONLINE ALSO**


RNI NO. 70104/98
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** SEPTEMBER, 2022
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**


## *JESUS LOVES YOU!*

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by him at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**